

— ৯৬ —

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
১ কারওয়ান বাজার (টিসিবি ভবন, ৮ম তলা), ঢাকা
www.dncrp.gov.bd

পত্র সংখ্যা: ২৬.০৪.০০০০.১০৮.০৫.০৯৬.১৮.৮৮৯

তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০১৯

ইনোভেশন সভার কার্যবিবরণী

সভার সূচি : ৩০ সেপ্টেম্বর ২০১৯, বিকাল ৩:০০ টা।
স্থান : অধিদপ্তরের সম্মেলন কক্ষ।
সভাপতি : জনাব শামীম আল মামুন, পরিচালক (প্রশাসন ও অর্থ), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর এবং সভাপতি উদ্ভাবন কমিটি।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত ২৫ জুলাই ২০১৯ তারিখ অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহ ইনোভেশন টিমের সদস্য কর্তৃক বাস্তবায়িত হওয়ায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের কর্মকর্তাদের দাখিলকৃত উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহ পর্যালোচনা করা হয়। বর্তমান অর্থবছরে বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়নের সম্ভাব্যতা নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

২। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:-

ক্রমিক	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	অধিদপ্তরের সকল কর্মকর্তাদের দাখিলকৃত উদ্ভাবনী উদ্যোগ/ধারণাসমূহ ১০ অক্টোবর ২০১৯ তারিখে বাণিজ্য মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সদস্য সচিব বরাবর প্রেরণ করতে হবে।	১. সদস্য সচিব, ইনোভেশন কমিটি, ডিএনসিআরপি।
২.	গত বছরের গৃহীত উদ্ভাবনসমূহ নির্ধারিত তারিখের মধ্যে (১৫ অক্টোবর ২০১৯) পাইলটিং করার জন্য জনাব মোঃ শেখ সাদী, সহকারী পরিচালক, ঠাকুরগাঁও এবং জনাব মোঃ সোহেল শেখ, ফরিদপুর জেলা কার্যালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।	১. সদস্য সচিব, উদ্ভাবন কমিটি, ডিএনসিআরপি ২. জনাব মোঃ শেখ সাদী, ঠাকুরগাঁও জেলা কার্যালয় ৩. জনাব মোঃ সোহেল শেখ, ফরিদপুর জেলা কার্যালয়
৩.	বাণিজ্য মন্ত্রণালয়ের ২৬ সেপ্টেম্বর ২০১৯ তারিখের ৬৮৯ নং স্মারক অনুসারে উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে ২৫ সেপ্টেম্বর ২০১৯ তারিখে উদ্ভাবন ও সেবা সহজীকরণ বিষয়ে একদিনের একটি কর্মশালার আয়োজনের নির্দেশনা রয়েছে। নির্দেশনা মোতাবেক অধিদপ্তরে গত ১৫ সেপ্টেম্বর ২০১৯ তারিখে উক্ত কর্মশালার আয়োজন করা হয়।	১. সকল সদস্য, উদ্ভাবন কমিটি, ডিএনসিআরপি।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার কাজ শেষ করেন।

স্বাক্ষরিত/-
(শামীম আল মামুন)
পরিচালক (প্রশাসন ও অর্থ)
ফোনঃ ০২-৮১৮৯০৪৫
ইমেইল: dir-admin@dncrp.gov.bd

পত্র সংখ্যা: ২৬.০৪.০০০০.১০৮.০৫.০৯৬.১৮. ৮৮৯

তারিখ: ৩০ সেপ্টেম্বর ২০১৯

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: উপ-সচিব, প্রশাসন-১)।
- ২। মহাপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক (কার্যক্রম ও গবেষণাগার), জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।
- ৪। উপপরিচালক (সকল), প্রধান/বিভাগীয় কার্যালয়, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর।
- ৫। সহকারী পরিচালক (সকল), প্রধান/বিভাগীয়/জেলা কার্যালয়, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর।


(শাহনাজ সুলতানা)
সহকারী পরিচালক (তদন্ত)